


# এক নজরে ভারত–পাকিস্তানের উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি

Biddabari
your success benchmark

## যুদ্ধ

- ১. প্রথম কাশ্মীর যুদ্ধ (১৯৪৭-১৯৪৮): কাশ্মীর সংকট নিয়ে ভারত ও পাকিস্তানের মধ্যে এ যুদ্ধের সূচনা।
- ২. রান অব কচ্ছ (১৯৬৫): কচ্ছ যুদ্ধ, গুজরাটের কচ্ছ অঞ্চলের সীমান্ত দ্বন্দ্বে শুরু হয়।
- ৩. দ্বিতীয় কাশ্মীর যুদ্ধ (১৯৬৫): কাশ্মীরে পাকিস্তানের অপারেশন জিব্রাল্টার নামে এক গোপন অভিযানের দ্বারা শুরু হয় ভারত-পাকিস্তানের এ যুদ্ধ।

ভিজিট করুন: www.biddabari.com

# এক নজরে ভারত-পাকিস্তানের
## উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি




- ৪. মুক্তিযুদ্ধ (১৯৭১): ১৯৭১ সালের ৩ ডিসেম্বর ১১টি ভারতীয় এয়ারবেসে আক্রমণ করে পাকিস্তান, তখনই ভারত এ যুদ্ধে জড়িয়ে পড়ে।
- ৫. সিয়াচেন সংঘাত (১৯৮৪): সিয়াচেন হিমবাহ পৃথিবীর উচ্চতম যুদ্ধক্ষেত্র, যেখানে ভারত ও পাকিস্তান ১৯৮৪ সালের ১৩ এপ্রিল পরস্পরের বিরুদ্ধে সংঘর্ষে জড়িয়ে পড়ে। মূলত সিয়াচেন দখলকে কেন্দ্র করে এ যুদ্ধের সূচনা হয়।
- ৬. কার্গিল যুদ্ধ (১৯৯৯): কার্গিল অঞ্চলের বিভিন্ন উচ্চভূমি ভূমি দখল করা নিয়ে এ যুদ্ধের সূচনা হয়।

ভিজিট করুন: www.biddabari.com

# এক নজরে ভারত-পাকিস্তানের উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি




Biddabari
your success benchmark

- ৭. পুলওয়ামা সংকট (২০১৯): ২০১৯ সালের ১৪ ফেব্রুয়ারি কাশ্মীরের পুলওয়ামায় ভারতের একটি সামরিক কনভয়ে আত্মঘাতী হামলায় শুরু হয় ভারত-পাকিস্তানের এ দ্বন্দ্ব।
- ৮. পহেলগাম হামলা (২০২৫): সম্প্রতি ২২ এপ্রিল ভারত-শাসিত জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলার পহেলগামের কাছাকাছি বৈসরান উপত্যকায় সশস্ত্র ব্যক্তিদের একটি দল পর্যটকদের লক্ষ্য করে গুলি চালায়। এতে নতুন করে আবার ভারত পাকিস্তান সংকট আরম্ভ হয়েছে। যা এখনো চলমান। (এছাড়াও এ দুটি দেশ বিভিন্ন সময়ে অনেক সংঘর্ষে লিপ্ত হয়েছে।)

ভিজিট করুন: www.biddabari.com

# এক নজরে ভারত-পাকিস্তানের উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি




## চুক্তি

- ১. নেহেরু-লিয়াকত চুক্তি(১৯৫০): দুই দেশের সংখ্যালঘুদের স্বার্থ সুরক্ষা বিষয়ক চুক্তি। ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান এ চুক্তি করেন।
- ২. সিন্ধু পানি চুক্তি (১৯৬০): বিশ্বব্যাংকের মধ্যস্থতায় দুই দেশের মধ্যে সিন্ধু নদীর পানি বণ্টন চুক্তি এটি। এ চুক্তিতে ভারতের সাবেক প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু এবং পাকিস্তানের রাষ্ট্রপতি আইয়ুব খান স্বাক্ষর করেন।

ভিজিট করুন: www.biddabari.com

# এক নজরে ভারত-পাকিস্তানের উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি




Biddabari
your success benchmark

- ৩. তাসখন্দ চুক্তি (১৯৬৬): ১৯৬৫ সালের যুদ্ধ বন্ধ বিষয়ক শান্তি চুক্তি। উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে এ চুক্তি স্বাক্ষর করেন ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী এবং পাকিস্তানের রাষ্ট্রপতি আইয়ুব খান।
- ৪. সিমলা চুক্তি (১৯৭২): ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ শেষে ভারত ও পাকিস্তানের মধ্যে এ শান্তি চুক্তি হয়। চুক্তিটি স্বাক্ষর করেন ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো।

ভিজিট করুন: www.biddabari.com

# এক নজরে ভারত-পাকিস্তানের উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি




- ৫. ধর্মীয় স্থান পরিদর্শন চুক্তি (১৯৭৮): এই চুক্তি অনুযায়ী ভারত-পাকিস্তান উভয় দেশ তীর্থযাত্রীদের ভিসা সুবিধা দিয়ে থাকে।
- ৬. ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র চুক্তি (২০০৫): ব্যালিস্টিক মিসাইল পরীক্ষার তিন দিন আগে উভয় দেশ একে অপরকে জানাবে এবং নিজ দেশের সীমান্ত হতে ৪০ কিলোমিটারের মধ্যে মিসাইল উৎক্ষেপণস্থল যেন না হয়।

Biddabari your success benchmark

ভিজিট করুন: www.biddabari.com

# এক নজরে ভারত-পাকিস্তানের উল্লেখযোগ্য যুদ্ধ ও চুক্তি




Biddabari
your success benchmark

- ৭. পারমাণবিক অস্ত্র চুক্তি (২০০৭): উভয় দেশ তাদের পারমাণবিক অস্ত্রাগার সুরক্ষিত রাখা এবং যেকোনো ধরনের পারমাণবিক দুর্ঘটনার বিষয়ে একে অপরকে অবহিত করা।

(এছাড়াও ১৯৮৮ সালে হওয়া পারমাণবিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি, ১৯৯১ সালে আকাশসীমা নিরাপত্তাজনিত চুক্তি, ১৯৯৯ সালের লাহোর চুক্তি এবং ২০০৩ সালের ভারত-পাক সীমান্তে যুদ্ধবিরতি চুক্তি উল্লেখযোগ্য।)

ভিজিট করুন: www.biddabari.com